দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 DEC 2016
পৃষ্ঠা ১৫ ... কলাম ... ৬

# চিতলমারীতে নতুন বই রাখার গুদাম নেই

■ চিতলমারী (বাগেরহাট) সংবাদদাতা

বাগেরহাটের চিতলমারীতে মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিজস্ব বইয়ের গুদাম না থাকায় বিপাকে পড়েছেন সংশ্লিষ্টরা। প্রতিবছর নভেম্বর-ডিসেম্বরে মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যবই উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা দপ্তরে জমা হয়। কিন্তু নতুন বই রাখার জন্য নেই কোনো গুদাম। যে কারণে লক্ষাধিক পাঠ্যবই বিভিন্ন সরকারি কোয়ার্টারে অরক্ষিতভাবে রাখা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যানের সরকারি বাসভবনে বিগত সময়ে তিন বছর রাখা হয়েছিল এসব বই। এখন আবার রাখা হচ্ছে বিভিন্ন কর্মকর্তার সরকারি বাসায়।

বর্তমানে চিতলমারীতে ১১১টি সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে, ২০টি কিন্ডারগার্টেন, সমাজসেবামূলক ৩২টি বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ৮৪ হাজার ৫৮৫টি বই এ বছর বিতরণ করা হবে। অপরদিকে ৩১টি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য আসা বই রাখা হয় উপজেলা চত্বরে অবস্থিত কর্মজীবী মহিলা হোস্টেলে। এ ব্যাপারে চিতলমারী উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হরেন্দ্রনাথ রানা বলেন, 'আমাদের উপজেলায় নতুন বই রাখার জন্য নির্দিষ্ট কোনো গুদাম নেই।'